

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ওয়াসা ভবন হতে সাভার (রাজাসন), উত্তরা (আব্দুল্লাপুর), মিরপুর-দুয়ারীপাড়া ও মিরপুর-১২ ব্লক-ডি ৪টি রুটে ৪টি স্টাফ বাস ভাড়া করণ প্রসঙ্গে।


০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ঢাকা শহরের বিভিন্ন এলাকা থেকে ওয়াসা ভবনে অফিসে আসা-যাওয়ার সুবিধার্থে ঢাকা ওয়াসা স্টাফ বাস সার্ভিস প্রদান করে থাকে। উক্ত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে সাভার (রাজাসন) হতে ওয়াসা ভবন, উত্তরা (আব্দুল্লাপুর) হতে ওয়াসা ভবন, মিরপুর-দুয়ারীপাড়া হতে ওয়াসা ভবন এবং মিরপুর-১২ ব্লক-ডি হতে ওয়াসা ভবন রুটে আসা-যাওয়ার জন্য মোট ৪(চার) টি স্টাফ বাস ভাড়া করা প্রয়োজন। উল্লেখ্য যে, বিদ্যমান ভাড়া কৃত গাড়ির চুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৬ তারিখে শেষ হবে। অতএব, ০১/০৭/২০২৬ তারিখ হতে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত মোট ১ বছর বা ১২ মাসের জন্য প্রতি মাসে ৪ টি বাস ভাড়া বাবদ =৫,৬০,৬০০/- (পাঁচ লক্ষ ষাট হাজার ছয়শত) টাকা হারে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। নিম্নে উক্ত প্রাক্কলন উপস্থাপন করা হলো।

ক্রঃ নংঃ	চলাচলকৃত রুট	মাসিক ভাড়া (টাকা)	সময়	১২ মাস বা ১ বছরের জন্য মোট ভাড়া (টাকা)
০১।	ওয়াসা ভবন হতে সাভার (রাজাসন)	১,৪০,৮০০/-	১২ মাস	১৬,৮৯,৬০০/-
০২।	ওয়াসা ভবন হতে উত্তরা (আব্দুল্লাপুর)	১,৪০,৮০০/-	১২ মাস	১৬,৮৯,৬০০/-
০৩।	ওয়াসা ভবন হতে মিরপুর-দুয়ারীপাড়া	১,৪০,৮০০/-	১২ মাস	১৬,৮৯,৬০০/-
০৪।	ওয়াসা ভবন হতে মিরপুর-১২ ব্লক-ডি	১,৩৮,২০০/-	১২ মাস	১৬,৫৮,৪০০/-
	মোট	=৫,৬০,৬০০/-	১২ মাস	= ৬৭,২৭,২০০/-


০২। বর্ণিত কাজটির ব্যয়ভার পরিবহনপুলের ২০২৬-২৭ অর্থবছরের “স্টাফ বাস ভাড়া/রেন্ট-এ-কার” খাত হতে নির্বাহ করা হবে। পাবলিক প্রকিউরমেন্টে বিধিমালা, ২০২৫ (PPR-2025)-এর বিধি ২৫(১) অনুযায়ী ক্রয়কাজটি উক্ত অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনায় (APP) অন্তর্ভুক্ত করা হবে। ক্রয়কাজটি বিধি ১৫০(১) অনুযায়ী ইলেকট্রনিক সরকারি ক্রয় বা e-GP সিস্টেমের মাধ্যমে এবং বিধি ৭৮(১) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) আহ্বান করা হবে। এছাড়া বিধি ৪(১) অনুযায়ী দরপত্র আহ্বানের ক্ষেত্রে বিপিপিএ (BPPA) প্রণীত ভৌত সেবার (Physical Services) উপযুক্ত স্ট্যান্ডার্ড দরপত্র দলিল বা STD অনুসরণপূর্বক Procuring Entity হিসেবে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা কর্তৃক এটি সম্পাদন করা হবে। টেন্ডার কার্যক্রম শেষ হলে ঠিকাদারের বিল সন্তোষজনক সেবার ভিত্তিতে মাসিক চলতি বিল আকারে হিসাব বিভাগ হতে পরিশোধ করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার স্টাফ পরিবহনে জন্য ওয়াসা ভবন হতে সাভার (রাজাসন), উত্তরা (আব্দুল্লাপুর), মিরপুর-দুয়ারীপাড়া ও মিরপুর-১২ ব্লক-ডি ৪টি রুটে ৪টি স্টাফ বাস ভাড়া করণের কাজটি e-GP এর আওতায় OTM এ সম্পাদনের লক্ষ্যে ১২ মাস বা ১ বছরের জন্য সর্বমোট ৫,৬০,৬০০/- X ১২ = ৬৭,২৭,২০০/- (সাতষট্টি লক্ষ সাতাশ হাজার দুইশত) টাকার বিভাগীয় প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।


মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (৫ঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা।


DS


মোঃ আব্দুর রহমান
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।



০৪। PCC (Particular conditions of contract)
১০. TDS (Tender Document sheet) ৫৫
(২ঃ ৫ঃ ৫ঃ)

